# সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫২

১/ পবিত্রতা রাসূলুল্লাহ ﷺ হতে (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৩৯. সুন্দরভাবে ওযু করা

আরবী

وَحَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنِ الْعَلاَءِ، نَحْوَهُ . وَقَالَ قُتَيْبَةُ فِي حَدِيثِهِ " فَذَلِكُمُ الرِّبَاطُ فَذَلِكُمُ الرِّبَاطُ فَذَلِكُمُ الرِّبَاطُ " . ثَلاَثًا . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَابْنِ عَبَّاسٍ وَعَبِيدَةَ وَيُقَالُ عُبَيْدَةُ بْنِ عَمْرٍو وَعَائِشَةَ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ عَائِشٍ الْحَضْرَمِيِّ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ أَبِي هُرَيْرَةَ فِي هَذَا الْبَابِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَلاَءُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ هُوَ ابْنُ يَعْقُوبَ الْجُهَنِيُّ الْحُرَقِيُّ وَهُوَ ثِقَةٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ .

বাংলা

৫২। ’আলা (রহঃ) হতে এই সনদসূত্রে উপরের হাদীসের মতই বর্ণিত হয়েছে, কুতাইবা তার সনদে বর্ণিত হাদীসে (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লামের কথাটা এভাবে) উল্লেখ করেছেনঃ "এটাই তোমাদের জন্য রিবাত, এটাই তোমাদের জন্য রিবাত, এটাই তোমাদের জন্য রিবাত। এ কথাটা (এ বর্ণনায়) তিনবার উল্লেখিত হয়েছে। —সহীহ। দেখুন পূর্ববর্ণিত হাদীস।

আবু ঈসা বলেন ৪ এ অনুচ্ছেদে আলী, আবদুল্লাহ ইবনু আমর, ইবনু আব্বাস, উবাইদা (ইবনু আমর), আয়িশাহ, আবদুর রহমান ইবনু আয়িশাহ ও আনাস (রাঃ) হতে বর্ণিত হাদীসও রয়েছে। আবু ঈসা বলেনঃ আবু হুরাইরার হাদীস হাসান সহীহ। আল ইবনু আবদুর রহমান, ইনি ইয়াকুব আল-জুহানীর পুত্র এবং হাদীস বিশারদদের মতে সিকাহ রাবী।

## English

Qutaibah said in his narration:
"For that is the Ribat, that is the Ribat, that is the Ribat" three times.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী ￼ বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=39088

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন